

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
হাকিমপুর, দিনাজপুর।

স্মারক নং-১২.১৮.২৭৪৭.০৪১.০৬.১৬৩.২২/ ৮৩৫(৭)


তারিখ- ১৮/১০/২০২১ খ্রিঃ।

বিষয় : উপজেলা কৃষি ও সেচ কমিটির সভায় অংশ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা কৃষি ও সেচ কমিটির অক্টোবর/২১ মাসের সভা আগামী ২০/১০/২০২১ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন মোঃ শাহীনের রেজা শাহীন, ভাইস চেয়ারম্যান ও সভাপতি উপজেলা কৃষি ও সেচ কমিটি হাকিমপুর, দিনাজপুর। উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ

১. চলতি খরিফ-২ মৌসুমে রোপা আমন ধানের বর্তমান অবস্থা।
২. সার ও ডিজেলের মজুদ পরিস্থিতি।
৩. বিবিধ।

  
(ড. মোছাঃ মমতাজ সুলতানা)  
উপজেলা কৃষি অফিসার  
হাকিমপুর, দিনাজপুর।

প্রাপক :

জনাব .....  
চেয়ারম্যান ..... ইউ পি  
ও  
সদস্য উপজেলা কৃষি ও সেচ কমিটি  
হাকিমপুর, দিনাজপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হ'ল :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর
- ২। উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর
- ৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর।

**উপজেলা পরিষদের কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির অক্টোবর/২০২১ মাসের সভার কার্যবিবরণীঃ**

পতি : মোঃ শাহীনুর রেজা শাহীন  
 ভাইস চেয়ারম্যান  
 উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর

স্থান : উপজেলা কৃষি অফিসারের কক্ষ

তারিখ : ২০/১০/২০২১ খ্রিঃ

সময়ঃ সকাল ১০.০০ টা

উপস্থিত সদস্যগণের স্বাক্ষর পরিশিষ্ট (ক) তে, অনুপস্থিত সদস্যগণের নাম পরিশিষ্ট (খ) তে দেখানো হলো।

সভাপতি মহোদয় সভায় প্রথমে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উপজেলা কৃষি ও সেচ কমিটির অক্টোবর/২০২১ মাসের সভার কার্যক্রম আলোচ্য সূচি অনুযায়ী উপস্থাপন করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করেন। উপজেলা কৃষি অফিসার আলোচ্য সূচি পাঠ করেন এবং আলোচ্য বিষয়ের উপর বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

১. চলতি খরিফ-২ মৌসুমে রোপা আমন ধানের বর্তমান অবস্থা।
২. সার ও ডিজেলের মজুদ পরিস্থিতি।
৩. বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত**

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
সদস্য সচিব সভাকে জানান চলতি রোপা আমন মৌসুমে ৮১৫৫ হেক্টর জমিতে রোপা আমন ধান আবাদ হয়েছে। ফসলের বর্তমান অবস্থা ভাল। নির্বিঘ্নে আমন ধান আবাদের জন্য উপজেলা পরিষদের অর্থায়নে বাদামী গাছ ফড়িং এবং ব্লাস্ট রোগের আক্রমণ ও দমন ব্যবস্থা বিষয়ক ১০,০০০ (দশ হাজার) লিফলেট ছাপানো হয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দলীয় আলোচনা ও ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে রোপা আমন ধানের বিভিন্ন রোগ ও পোকামাকড়ের আক্রমণ ও দমন ব্যবস্থা সম্পর্কে কৃষককে পরামর্শ দিয়ে যাচ্ছে এবং লিফলেট বিতরণ করছে।	নির্বিঘ্নে আমন আবাদের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার
সদস্য সচিব সভাকে জানান উপজেলায় বর্তমানে সারের মজুদ সন্তোষজনক। সদস্য জনাব মোঃ মোহসীন আলী উপজেলার কোন সার যেন অন্য কোন উপজেলায় না যায় সে ব্যাপারে উপজেলা কৃষি অফিসারকে সজাগ থাকার অনুরোধ করেন।	সার মনিটরিং অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার
ক) বিবিধ আলোচনায় সার্ভেয়ার, বিএমডিএ জানান বিএমডিএ এর ৪৪টি গভীর নলকূপের মধ্যে ৩০টি নলকূপ চালু রয়েছে, প্রয়োজনে অবশিষ্ট নলকূপ গুলোও চালু করা হবে। তিনি আরও জানান বেশ কিছু ব্যক্তি গভীর ও অগভীর নলকূপের নতুন সংযোগের জন্য আবেদন জমা দিয়েছেন।	ক) বিষয়টি নিয়ে বিশদভাবে আলোচনা শেষে উপজেলা কৃষি ও সেচ কমিটিকে নতুন সংযোগের আবেদন সমূহ দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার
খ) কমিটির সভাপতি বিবিধ আলোচনায় বলেন ধানের বাজারমূল্য কম। তাই তিনি কৃষকদেরকে ধান আবাদের পাশাপাশি অন্যান্য ফসল বিশেষ করে পেঁয়াজ, রসুন আবাদে কৃষকদেরকে উদ্বুদ্ধ করার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের কাজ করার জন্য আহ্বান জানান। উপজেলা কৃষি অফিসার জানান কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ধান ফসলের পাশাপাশি অন্যান্য লাভজনক ফসল যেমন বিভিন্ন শাক-সবজি, ফলের বাগান ও মশলা জাতীয় ফসল আবাদের জন্য কৃষকদের উদ্বুদ্ধ করা হচ্ছে।	খ) ধান আবাদের পাশাপাশি অন্যান্য লাভজনক ফসল আবাদের জন্য কৃষকদেরকে উদ্বুদ্ধকরণ অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	
গ) সভাপতি "খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় ভর্তুকী মূল্যে কৃষি যন্ত্রপাতির বিষয়ে জানতে চান। সদস্য সচিব জানান বর্ণিত প্রকল্পের চলতি অর্থ বছরে কার্যক্রম শুরু হয়নি। সভাপতি উপজেলা পরিষদের তহবিল হতে একটি কন্সট্রাক্টর ক্রয় করে উপজেলার কোন ক্লাবকে বিতরণ করার জন্য উপজেলা পরিষদ হাকিমপুর, দিনাজপুরকে সুপারিশ করার প্রস্তাব করেন।	গ) বিষয়টি নিয়ে সভায় বিষাদ আলোচনা শেষে উপজেলা পরিষদের তহবিল হতে একটি কন্সট্রাক্টর ক্রয় করে উপজেলার কোন ক্লাবকে বিতরণ করার জন্য উপজেলা পরিষদ হাকিমপুর, দিনাজপুরকে সুপারিশ করা হয়।	

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ শাহীনুর রেজা শাহীন)

সভাপতি

উপজেলা পরিষদ কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর।